

## 💵 সুনান আত তিরমিজী (তাহকীককৃত)

হাদিস নাম্বারঃ ১৮৪৮

২৩/ আহার ও খাদ্যদ্রব্য (ﷺ) পরিচ্ছেদঃ ৪১. খাওয়ার সময় বিসমিল্লাহ্ বলা

# باب مَا جَاءَ فِي التَّسْمِيَةِ فِي الطَّعَامِ

#### আরবী

حَدَّثَنَا مُحَمَّدُ بْنُ بَشَّارٍ، حَدَّثَنَا الْعَلاَءُ بْنُ الْفَضْلُ بْنِ عَبْدِ الْمَلِكِ بْنِ أَبِي سَوِيَّةَ أَبُو الْهُذَيْلِ، حَدَّثَنَا عُبَيْدُ اللَّهِ بْنُ عِكْرَاشٍ، عَنْ أَبِيهِ، عِكْرَاشٍ بْنِ ذُوْيْبِ قَالَ بَعَثَنِي بَنُو مُرَّةَ بْنِ عُبَيْدِ بِصِدَقَاتٍ أَمْوَالِهِمْ إِلَى رَسُولِ اللَّهِ صلى الله عليه وسلم فَقَدِمْتُ عَلَيْهِ الْمَدينَة قَوَجَدُّتُهُ جَالِسًا بَيْنَ الْمُهَاجِرِينَ وَالأَنْصَارِ قَالَ ثُمَّ أَخَذَ بِيدِي فَانْطَلَقَ بِي إِلَى بَيْتِ أُمِّ سَلَمَة فَقَالَ " جَالِسًا بَيْنَ الْمُهَاجِرِينَ وَالأَنْصَارِ قَالَ ثُمَّ أَخَذَ بِيدِي فَانْطَلَقَ بِي إِلَى بَيْتِ أُمِّ سَلَمَة فَقَالَ " هَلْ مِنْ طَعَامٍ " . فَأْتِينَا بِجَفْنَةٍ كَثِيرَةِ الشَّرِيدِ وَالْوَذْرِ وَأَقْبُلْنَا نَأْكُلُ مِنْهَا فَخَبَطْتُ بِيدِي مِنْ فَوْ عِلَا مُنْ بَيْنِ يَدَيْهِ فَقَبَصْ بِيدِهِ الْيُسْرَى عَلَى هَنْ مَوْضِعِ وَاحِد فَإِنَّهُ طَعَامٌ واحِدٌ " . ثُمَّ أَتِينَا بِعَكْرَاشُ كُلْ مِنْ مَوْضِعِ وَاحِد فَإِنَّهُ طَعَامٌ واحِدٌ " . ثُمَّ أَتِينَا بِعَلْ اللَّهِ شَكَّ قَالَ قَجَعَلْتُ آكُلُ مِنْ بَيْنِ يَدَى وَجَالَتُ بَطِبَقِ فِيهِ أَلْوَانُ الرُّطَبِ أَو التَّمْ عُبَيْدُ اللَّهِ شَكَّ قَالَ قَجَعَلْتُ آكُلُ مِنْ بَيْنِ يَدَى وَجَالَتُ بَيكِ يَلْ اللَّهُ صَلَى الله عليه وسلم فِي الطَّبَقِ وَقَالَ " يَا عِكْرَاشُ كُلْ مِنْ حَيْثُ شُتَ اللّهِ صَلَى الله عليه وسلم يَدَيْهِ وَمَالِ كَقَيْهِ وَالْمَنُوءُ مُومً غَيْرَتِ النَّارُ عَيْهُ وَجَهَةُ وَذَرَاعَيْهُ وَرَاعَيْهُ وَرَاعَيْهُ وَمُ أَنْ الْمَوْتُ عَلَى اللّه عليه وسلم إلاَ هَوْ مَلْ وَقَدْ الْفَضْلُ وَقَدْ الْفَرَادُ وَقَدْ الْفَرَادُ وَلَا نَعْرِفُ لِعِكْرَاشٍ عَنِ النَّبِيِّ صَلَى الله عليه وسلم إلاَّ هَذَا الْحَدِيثَ وَمَدَّا الْحَدِيثِ وَلاَ نَعْرِفُ لِعِكْرَاشٍ عَنِ النَّبِيِّ صلى الله عليه وسلم إلاَ هَذَا الْحَدِيثِ النَّهِ عَلِيهُ وَاللَّهُ عَلَى النَّهُ عَلَى النَّهُ عَلَى الله عليه وسلم إلاَّ هَذَا الْحَدِيثَ .

#### বাংলা

১৮৪৮। ইকরাশ ইবনু যুয়াইব (রাঃ) হতে বর্ণিত আছে, তিনি বলেছেন, মুররা ইবনু উবাইদ গোত্রের লোকেরা তাদের ধন-সম্পদের যাকাতসহ আমাকে রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লামের নিকটে পাঠায়। আমি মদীনায় গিয়ে তার নিকটে হাযির হলাম। তখন আমি তাকে মুহাজির ও আনসারদের মধ্যে বসা অবস্থায় পেলাম। তিনি



আমার হাত ধরে উম্মু সালামা (রাঃ)-এর ঘরে নিয়ে যান। তিনি প্রশ্ন করেনঃ কোন খাবার আছে কি?

আমাদের সামনে একটি বড় পিয়ালা আনা হল। এর মধ্যে মাংসের টুকরা ও সারদ (ঝোলে ভিজানো রুটি) ভর্তি ছিল। আমরা তা থেকে খেতে লাগলাম। আমি পাত্রের এদিক-সেদিক থেকে নিয়ে খাচ্ছিলাম। রাসূলুল্লাহ সাল্লাল্লাহ্ছ আলাইহি ওয়াসাল্লাম তার সামনে থেকে নিয়ে খাচ্ছিলেন। তিনি তার বাঁ হাত দিয়ে আমার ডান হাত ধরে বললেনঃ হে ইকরাশ! এক জায়গা হতে খাও। কেননা সম্পূর্ণটাই একই খাদ্য।

তারপর আমাদের সামনে আরেকটি পিয়ালা আনা হল। এর মধ্যে বিভিন্ন রকমের কাঁচা-পাকা খেজুর ছিল। আমি আমার সামনে থেকেই খেতে থাকলাম। কিন্তু রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম পাত্রের এদিক-সেদিক থেকে নিয়ে খাচ্ছিলেন। তিনি বললেনঃ হে ইকরাশ! তুমি পাত্রের যে কোন জায়গা হতে খেতে পার। কেননা সব খেজুর এক রকম নয়। তারপর আমাদের জন্য পানি দেয়া হল। রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম তার উভয় হাত ধুলেন এবং ভিজা হাত দিয়ে নিজের মুখমণ্ডল, দুই হাত ও মাথা মুছলেন। তারপর তিনি বললেনঃ হে ইকরাশ! আগুন যে জিনিস পরিবর্তন করে দিয়েছে (তা খাওয়ার পর) এটাই হল ওয়।

যঈফ, ইবনু মাজাহ (৩২৪০)

আবূ ঈসা বলেছেন, এ হাদীসটি গারীব। আমরা শুধু আল ইবনুল ফাযলের সূত্রে এ হাদীস প্রসঙ্গে জেনেছি। তিনি এককভাবে এ হাদীসটি বর্ণনা করেছেন। এই হাদীসটি ব্যতীত ইকরাশ (রাঃ) হতে রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লামের আর কোন হাদীস বর্ণিত আছে কি-না তা আমাদের জানা নেই।

### **English**

#### Narrated 'Ikrash bin Dhu'aib:

"Banu Murrah bin 'Ubaid sent me to bring the Sadaqah from their wealth of the Messenger of Allah (\*\*). I arrived with him in Al-Madinah and found him sitting between the Muhajirin and the Ansar." He said: "Then he took my hand and brought me to the home of Umm Salamah and he said: 'Do you have any food?' So a bowl containing a lot of Tharid with pieces of meat was brought to us, and presented for us to eat from it. So I began wandering my around it while the Messenger of Allah (\*\*) ate from what was in front of him. He grabbed my right hand with his left hand, then he said: 'O 'Ikrash! Eat from one spot, for indeed the food is one.' Then a plate containing various dried dates" - or fresh dates - 'Ubaidullah (a narrator) was not sure. He said: "I began eating what was in front of me, while the hand of the Messenger of Allah (\*\*) roamed about the plate. He said: 'O 'Ikrash! Eat from wherever you like, for indeed it is not all from the same variety.' Then water was brought, so the Messenger of Allah (\*\*) washed his hands, and with the



wetness of his hands he wiped his face, his forearms, and his head, and he said: 'O Ikrash! This is the Wudu' for that which has been altered by fire.'"

[Abu 'Eisa said:] This Hadith is Gharib, we do not know of it except through the narration of Al-'Ala' bin Al-Fadl, and Al-Ala'was alone with this narration, and there is more in the story in the Hadith. And we do not know a Hadith from the Prophet (ﷺ) by 'Ikrash except this.

হাদিসের মান: যঈফ (Dai'f) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ হুসাইন আল-মাদানী □ বর্ণনাকারীঃ ইকরাশ ইবন যুআয়ব (রাঃ)

🚨 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন